



এনএসইউ উপাচার্যের এসিইউ ভাইস-চ্যান্সেলরস্ সামিটে অংশগ্রহণ

নর্থ সাউথ ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর আতিকুল ইসলাম সম্প্রতি কমনওয়েলথ ইউনিভার্সিটিজ (এসিইউ)-এর ভাইস-চ্যান্সেলর সামিট ২০২৪-এ অংশ নিয়েছেন। ১৫ মে অনুষ্ঠিত এই সামিটে বিশ্বের শিক্ষাঙ্গনের বিশিষ্ট ব্যক্তির একত্রিত হন।

উক্ত সম্মেলনে প্রফেসর আতিকুল ইসলাম উত্তাবনী শিক্ষাবিদ্যা, গবেষণা সহযোগিতা এবং উচ্চ শিক্ষার অধিকার এবং সমতার চ্যালেঞ্জ মোকাবিলার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলোর ওপর আলোকপাত করেন।

শিক্ষামন্ত্রী, চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর এবং জাতিসংঘের প্রতিনিধিসহ উচ্চপর্যায়ের প্রতিনিধি দল এই অনুষ্ঠানে যোগ দেন। এছাড়াও শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ী কৈলাশ সত্যার্থী অতিথিদের উদ্দেশে একটি অনুপ্রেরণামূলক বক্তব্য রাখেন।

নর্থ সাউথ ইউনিভার্সিটি তার আন্তর্জাতিক পদচিহ্ন প্রসারিত করে চলেছে এবং বৈশ্বিক জ্ঞান প্রচার ও প্রসারে অবদান রাখছে। এসিইউ ভাইস-চ্যান্সেলর সামিটে প্রফেসর আতিকুল ইসলামের অংশগ্রহণ তারই একটি নিদর্শন। সংবাদ বিজ্ঞপ্তি